

সিডনীতে লোপমূদ্রার গান

এ, কে, এম, ফারংক

কাল রাতেই ঠিক করে রেখেছি যে সকালে বাঙালীদের দোকান খোলার সাথে সাথেই বড়সড় ইলিশ কিনে নিয়ে এসে ইলিশভাজা আর সরয়েইলিশ করবো। কারণ লোপমূদ্রা যখন বললেন যে অস্ট্রেলিয়ায় যে ইলিশ খেয়েছেন তা কলকাতায় কেনা ইলিশ থেকেও সুস্মাদু, তখনই জিভ সামলাতে কষ্ট হচ্ছিল। স্মৃতির পর্দায় লৌহজং এর পদ্মার লাগোয়া বাজারের ঝকঝকে ইলিশগুলো স্পষ্ট দেখতে পাচ্ছিলাম।

লোপমূদ্রা আমার অত্যন্ত প্রিয় শিল্পী। তিনি যে সব গান করেছেন তা থেকেই তাঁর পরিচয় পাওয়া যায়। একজন শিল্পী - যিনি গড়েন, তাঁকে যে রকমটি হওয়া উচিত, তিনি তাই। তিনি মানবতাবাদী, শান্তিকামী, দেশপ্রেমিক, সমাজসচেতন - এরকম অনেক বিশেষণে তাঁকে ভূষিত করা যায়। সর্বোপরি তিনি আদ্যোপান্ত বাঙালী। তাঁর ভেতরে মানুষের প্রতি একটা মমত্ববোধ ও দায়িত্ববোধ কাজ করে ; তা তিনি তাঁর গানের মাধ্যমে পালন করার আপ্রাণ চেষ্টা করেন।

এতদিন তাঁর গান শুধু অডিও ক্যাসেটে ও সিডিতে শুনেছি। সে গানগুলো শুনে তাঁর শিল্পিত্বের একটা অবয়ব তৈরী করা যায়, পরিপূর্ণ রূপটি হয়ত ধরা পড়ে না। তাঁকে সামনাসামনি শুনলাম গত ১লা এপ্রিল,



স্বামী জয় সরকারের সাথে লোপমূদ্রা - ছবি, আশীষ বাবলু

২০০৭ এ সিডনীর এন, এস, ডব্লিউ এর সায়েন্স থিয়েটারে। গান গাওয়ার ফাঁকে ফাঁকে কথার সুতো দিয়ে তিনি গানের মালা তৈরী করেছেন। অত্যন্ত সাবলীল ভঙ্গিতে তিনি পরিমিত কথা বলেছেন, সবাইকে হাসিয়েছেন, এবং সফলভাবে তাঁর বক্তব্য শ্রোতাদের কাছে পৌঁছে দিয়েছেন। তাঁর গান ও বক্তব্য দিয়ে তাঁকে স্পষ্টভাবে এবং পরিপূর্ণভাবে বোঝা যায়। একজন গায়ক এবং কর্তৃশিল্পীর মধ্যের পার্থক্যটা খুব সহজেই অনুধাবন করা যায়। তিনি যখন বলেন - তিনি আন্তরিকভাবে দেখতে চান - একজন মানুষ তার পাশের মানুষের হাত ধরে পৃথিবীময় মানববন্ধন তৈরী করংক, মানুষের প্রতি মানুষের লুপ্তপ্রায় ভালবাসা ফিরে আসুক - তখন তিনি কোথায় দাঢ়িয়ে আছেন তা বুঝতে কারো অসুবিধে হয় না। তিনি যখন বলেন যে দেশে-বিদেশে নানান বিবর্তন সত্ত্বেও বাঙালী তার বাঙালিত্ব ঘোল আনা অটুট রেখেছে তখন আমাদের অনেকেরই টলায়মান আত্মবিশ্বাস ফিরে আসে। তিনি গল্পের ফাঁকে ফাঁকে আমাদের যেমন রবীন্দ্র সংগীত শুনিয়েছেন, তেমনি তাঁর গাওয়া অনেক বিখ্যাত গানও গেয়ে সবাইকে মুঞ্চ করেছেন। রবীন্দ্রনাথ তাঁর স্থাপত্যের ভিত্তি, যার উপর তিনি তাঁর নিজস্ব আধুনিক ইমারত গড়ে চলেছেন। তাঁর দীর্ঘায়ু ও দীর্ঘ শিল্পীজীবন কামনা করছি।